শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৪০.১৯-৩০০

তারিখঃ ২৭ জ্যেষ্ঠ ১৪২৬
১০ জুন ২০১৯

বিষয়: কনটেম্পট পিটিশন নং- ১৭৬/২১০১৯ (রিট পিটিশন নং-৫৪০০/২০১০ হতে উদ্ভুত) এর জবাব সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে অবহিত করে গৃহীত ব্যবস্থা এ বিভাগকে অবহিতকরণ।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত কনটেম্পট পিটিশন নং-১৭৬/২০১৯।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৬.০৫.২০১০ তারিখের শিম/শা:১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকমূলে ২০০৯-২০১০ অর্থবছরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদানের জন্য খুলনা জেলার খানজাহান আলী উপজেলাধীন খানজাহান আলী টেকনিক্যাল এন্ড বি.এম কলেজটি এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত করা হয়।

০২। পরবর্তীতে অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ৩১.০৫.২০১০ তারিখের শিম/শা:১৩/এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকমূলে গত ০৬.০৫.২০১০ তারিখের শিম/শা:১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকটি অকার্যকর করা হয়।

০৩। এর ফলে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ সংক্ষুব্ধ হয়ে তদকর্তৃক (অধ্যক্ষ) মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৪০০/২০১০ মামলা দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট মামলার ১৫.১২.২০১০ তারিখে নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয় :

"The respondents are hereby directed to enlist the name of respective College in the MPO list within a period of 90 days from date of receipt of the copy of the judgment and order provided those college fulfills the requirements as provided এ "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" published on 04.02.2010.

০৪। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-১১০০/২০১২ দায়ের করা হলে তা ০৯.০২.২০১৪ খ্রি. তারিখে খারিজ হয়ে যায়। মহামান্য আপিল বিভাগের ০৯.০২.২০১৪ তারিখের আদেশটি নিম্নরূপ:

"The leave petition is out of time by 442 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. As such the leave petition is dismissed as barred by limitation."

০৫। এর ফলে বর্ণিত প্রতিষ্ঠানের অনুকূলে মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ২৬.০৬.২০১৪ খ্রি. তারিখের শিম/শা-১৩/এমপিও-২/২০০৮(অংশ-২)/১৬৩ সংখ্যক স্মারকমূলে বর্ণিত প্রতিষ্ঠানটিকে এমপিওভুক্ত করার জন্য মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরকে পত্র দেয়া হয়

০৬। তৎপ্রেক্ষিতে DTE কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণকে মে/২০১৫ মাসে এমপিওভুক্ত করা হয়। পরবর্তীতে বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক ২৮.০১.২০১৯ খ্রি. তারিখে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের গত ২০০৯-১০ অর্থবছরের ০৬ মে/২০১০ হতে এপ্রিল/২০১৫ পর্যন্ত বকেয়া বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) ছাড়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, TMED বরাবর আবেদন করা হয়।

০৭। উক্ত আবেদনটির নিষ্পত্তিমূলক কোন জবাব না পাওয়ায় প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-১৭৬/২০১৯ দায়ের করা হয়। আলোচ্য কনটেম্পট মামলায় Contemnor Respondent- হলেন Md. Alamgir, Secretary, TMED, Ministry of Education এবং Rawnak Mahmud, DG, DTE.

০৮। মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ে সুস্পষ্টভাবে উক্ত কলেজ {(খানজাহান আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজ) শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৪.০২.২০১০ খ্রি. তারিখে প্রকাশিত "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ)} এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" অনুযায়ী এমপিওভুক্ত করার নির্দেশনা থাকায় আদালতের আদেশ অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানটি ২৬.০৬.২০১৪ খ্রি. তারিখে এমপিওভুক্ত করা হলে DTE কর্তৃক মে/২০১৫ মাসে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীগণের অনুকূলে বেতন ভাতা (এমপিও) প্রদান করা হয়।

০৯। যেহেতু উক্ত মাদরাসার শিক্ষক-কর্মচারীগণকে মে/২০১৫ হতে এমপিওভুক্তক্রমে বর্তমান এমপিও চালু আছে এবং যেহেতু মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং-৫৪০০/২০১০ মামলায় ১৫.১২.২০১০ তারিখের রায়ে "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" ২০১০ -এর সকল শর্ত পূরণ হলে বর্ণিত প্রতিষ্ঠানটিকে এমপিওভুক্তকরণের কথা উল্লেখ থাকায় এবং উক্ত রিট মামলার রায়ে ... include the name of the said institution in the list of MPO for the financial year 2009-2010 উল্লেখ না থাকায় বকেয়া বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) প্রদানের সুযোগ নেই।

চলমান পৃষ্ঠা

১০। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৫৪০০/২০১০ মামলায় ১৫.১২.২০১০ তারিখের রায়ে "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" ২০১০ -এর সকল শর্ত পূরণ থাকলে বর্ণিত প্রতিষ্ঠানটিকে এমপিওভুকরণের কথা উল্লেখ থাকায় এবং উক্ত রিট মামলার রায়ে ... include the name of the said institution in the list of MPO for the financial year 2009-2010 উল্লেখ না থাকায় বকেয়া বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) প্রদানের সুযোগ নেই মর্মে জবাবে উল্লেখপূর্বক তাঁর দপ্তরের নিজস্ব আইনজীবী দ্বারা সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে অবহিত করে আগামী ২০.০৬.২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিতির জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
করিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অফিস কপি/মাস্টার কপি।